



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাব্ব নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-৯১২৪৮৪৬  
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫  
ই-মেইল : info@baera.gov.bd  
ওয়েবসাইট : www.baera.gov.bd

সূত্র নং-৩৯.০৭.০১৬.০১.০০.০২১.২০১৩.১৯-০১/২৫৮

তারিখঃ ০১-০৮-২০১৯ খ্রি.

বিষয়ঃ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের জন্য তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র নং-৩৯.০০.০০০০.০০২.১৬.০১৪.১৯-১৯৬ তারিখঃ ০২ জুলাই ২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় এবং সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের সার্বিক কর্মকান্ডের ওপর বার্ষিক প্রতিবেদন বই আকারে প্রকাশের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সার্বিক কর্মকান্ড, উল্লেখযোগ্য অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনাসহ উপর্যুক্ত তথ্যসমূহের প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। প্রণীত প্রতিবেদন সদয় অবগতি ও পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লেখ্য যে, প্রতিবেদনের সফট কপি [section2@most.gov.bd](mailto:section2@most.gov.bd) ই-মেইলে পাঠানো হয়েছে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(প্রফেসর ডাঃ সাহানা আফরোজ)

সদস্য

ও

চেয়ারম্যান (অতিঃ দায়িত্বপ্রাপ্ত)  
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ  
ফোন-৮৮-০২-৮১৮১০১৩

সচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়

ঢাকা-১০০০।

০১৫

# Bangladesh Atomic Energy Regulatory Authority (BAERA)

[www.baera.gov.bd](http://www.baera.gov.bd)



## পটভূমি:

স্বাধীনতার পর থেকেই বাংলাদেশে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তি চিকিৎসা, শিল্প, গবেষণা এবং কৃষিখাতে ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে আসছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বলিষ্ঠ নেতৃত্বে ১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের পর দেশে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তির শান্তিপূর্ণ ব্যবহার অরাস্থিত করার জন্য ১৯৭৩ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে (১৯৭৩ সালের ১৫নং আইন) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন প্রতিষ্ঠিত হয়েছিল। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের দায়িত্বে বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে জনসাধারণ ও পরিবেশের সুরক্ষার জন্য সরকার কর্তৃক ১৯৯৩ সালে পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) আইন, ১৯৯৩ জারী করা হয় এবং পরবর্তীতে এতদসংক্রান্ত পানিবিনি বিধিমালা-১৯৯৭ প্রজ্ঞাপিত হয়। “২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ” বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমান সরকার রূপপুরে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং সরকারের অগ্রাধিকার প্রাপ্ত ছয়টি (০৬) প্রকল্পের মধ্যে এটিকে চিহ্নিত করা হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এবং দেশের অন্যান্য নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসমূহের যথাযোগ্য নিরাপত্তা ও নিয়ন্ত্রণ সুনিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পানিবিনি আইন, ১৯৯৩ বতিল ও সংহতকরণপূর্বক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ প্রণয়ন করেন। উক্ত আইন মোতাবেক গত ১২ ফেব্রুয়ারী ২০১৩খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়।

## রূপকল্প (Vision) :

একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘ মেয়াদি নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণ।


## অভিলক্ষ্য (Mission) :

জনসাধারণ এবং বিকিরণকর্মীদের জীবন ও স্বাস্থ্যসুরক্ষা এবং পরিবেশে বিরূপ প্রতিক্রিয়া নিয়ন্ত্রণের নিমিত্তে নিরাপত্তা, সিকিউরিটি, বিকিরণ সুরক্ষা ও সেফগার্ডস সংশ্লিষ্ট নিউক্লীয় নিয়ন্ত্রণমূলক কর্মসূচীর যথাযথ প্রতিপালন।

ক) কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর বিবরণ, কার্যক্রম, কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণ বা

পদ্ধতি:

- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ-এর প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত ৩৬০ টি পদের মধ্যে একজন চেয়ারম্যান ও চারজন সদস্যসহ মোট ১০৮ টি পদ সৃজিত হয়েছে। তার মধ্যে ৩৮ টি পদে কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছেন। এছাড়া, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ৪২ কর্মকর্তা/কর্মচারী কর্তৃপক্ষে স্ব-বেতনে কর্মরত আছে।



#### প্রধান কার্যাবলিঃ

- দেশে নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং তদাধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার পরিপূর্ণ বাস্তবায়ন;
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ধারা-১৮ অনুযায়ী সকল ধরনের নিউক্লীয় ও বিকিরণ স্থাপনা এবং নিউক্লীয় ও অন্যান্য তেজস্ক্রিয় পদার্থ এবং উহাদের বর্জ্য ও বিকিরণ উৎপন্নকারী যন্ত্রপাতির লাইসেন্স ও পারমিট প্রদান, নবায়ন, অব্যাহতি প্রদান, স্থগিত এবং বাতিলকরণ;
- আয়নায়নকারী বিকিরণ এর সম্ভাব্য ঝুঁকির বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জনসাধারণসহ সকল ষ্টেকহোল্ডারদের সাথে সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং ইলেক্ট্রনিক, প্রিন্টমিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে তথ্য প্রদান ও পরামর্শ;

- নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসহ সকল নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থের ভৌত সুরক্ষা, সেফগার্ডস এবং অবৈধ পাচারসহ নিউক্লীয় নিরাপত্তা, বিকিরণ সুরক্ষা ও রেডিওলজিক্যাল জরুরী ব্যবস্থা সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, এগ্রিমেন্ট, প্রটোকল ও কনভেনশন বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম পরিচালনা:
- নিউক্লীয় নিরাপত্তা এবং বিকিরণ সুরক্ষা বিষয়ে বিদেশী নিউক্লীয় কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক সংস্থা ও এজেন্সীর সাথে পারস্পারিক যোগাযোগ ও সহযোগিতা ; এবং
- কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও পরিচালনা।

#### কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণঃ

- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২-এর ধারা ১১ ও পানিবিনি বিধিমালা-১৯৯৭ অনুযায়ী কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করেন।
- (খ) কর্তৃপক্ষের সকল নিয়ম-কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়াল, ইত্যাদির তালিকাসহ উহার নিকট রক্ষিত তথ্যসমূহের শ্রেণী-বিন্যাসঃ

- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন- ২০১২;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা-১৯৯৭;
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ইংরেজি সংস্করণ “The Bangladesh Atomic Energy Regulatory Act, 2012 (Act No 19 of 2012)” ১৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রকাশিত;
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৭ গত ১৮ মে ২০১৭ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপিত হয়েছে।
- “Code of Ethics” of Bangladesh Atomic Energy Regulatory Authority ফেব্রুয়ারি ২০১৮ তারিখে প্রকাশিত।
- তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা ২০১৮ প্রকাশিত।

(গ) কর্তৃপক্ষের নিকট হতে কোন ব্যক্তি যে সকল শর্তে লাইসেন্স, পারমিট, অনুদান, বরাদ্দ, সম্মতি, অনুমোদন বা অন্য কোন প্রকার সুবিধা গ্রহণ করতে পারবেন তার বিবরণ এবং উক্তরূপ শর্তের কারণে তার সাথে কোন প্রকার লেনদেন বা চুক্তি সম্পাদনের প্রয়োজন হলে সেই সকল শর্তের বিবরণ;

- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাপশনি আইন-২০১২ ও পানিবিনি বিধিমালা ১৯৯৭ অনুসরণ করে অনুমোদন প্রদান (যেমন:-লাইসেন্স, পারমিট NOC ইত্যাদি) করা হয়।
- পানিবিনি বিধিমালা-১৯৯৭ এর বিধি ১০.১ এ লাইসেন্স গ্রহণের সাধারণ শর্তাবলী উল্লেখিত রয়েছে।
- এছাড়া এই বিধিমালার তফসীল-৬ এ লাইসেন্স, পারমিট ইত্যাদি গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য ফি নির্ধারণ করা আছে।
- এই সকল অনুমোদনের সময় প্রযোজ্য ক্ষেত্রে দেশীয় ও আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী বিকিরণ সুরক্ষা ও নিউক্লীয় নিরাপত্তাকে বিবেচনায় নিয়ে শর্তারোপ করা হয়। অনুমোদন গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে যা অবশ্যই পালনীয়। কোন চুক্তির প্রয়োজন হয় না।

(ঘ) নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং প্রয়োজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাঃ

ক্রমিক নং	সংস্থার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল নম্বর	যোগাযোগের ঠিকানা
<b>আপীল কর্মকর্তা</b>				
১।	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনি)	প্রফেসর ড. নঈম চৌধুরী চেয়ারম্যান	টেলিফোন: ৮৮-০২-৯১২৪৮৪৬ মোবাইল: ০১৭১২-৬৮০৮৭৯ ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১০১৫ ই-মেইল: <a href="mailto:chairman@baera.gov.bd">chairman@baera.gov.bd</a> <a href="mailto:naiyyum@gmail.com">naiyyum@gmail.com</a>	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
<b>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা</b>				
২।	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনি)	মোঃ আফছার উদ্দিন উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা	টেলিফোন: ৮৮-০২-৯১২৪৮৪৬ মোবাইল: ০১৬৮৩-৮৫৭১৫২ ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১০১৫ ই-মেইল: <a href="mailto:auddin@baera.gov.bd.com">auddin@baera.gov.bd.com</a>	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা- ১২০৭।
<b>বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা</b>				
	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনি)	মোঃ আইয়ুব আলী সেক প্রশাসনিক কর্মকর্তা	টেলিফোন: ৮৮-০২-৮১৮১০৪০ মোবাইল: ০১৯১১-৭০৭০৩২ ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১০১৫ ই-মেইল: <a href="mailto:aiubsheak@gmail.com">aiubsheak@gmail.com</a>	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা- ১২০৭।

**গত এক বছরে (২০১৮-১৯ অর্থ বছর) কর্তৃপক্ষের সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী ও অর্জনঃ**

- ০৮ জুলাই ২০১৮ তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-২ এর Design and Construction Licence প্রদান;
- রূপপুর NPP-এর Updated Preliminary Safety Analysis Report (PSAR)-এর Review and Assessment কার্যক্রম চলমান রয়েছে;
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের বিভিন্ন ভবনের Soil Stabilization Safety Status Report-এর Review and Assessment সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে;
- ০৯-১১ জুলাই ২০১৮ তারিখে BAERA ও IAEA-এর উদ্যোগে "IRRS Information Meeting and the SARIS Workshop" কর্তৃপক্ষের Conference Room-এ অনুষ্ঠিত;
- ১৪ জুলাই ২০১৮ তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-২ এর প্রথম কনক্রিট ঢালাই অনুষ্ঠানে কর্তৃপক্ষের সকল পর্যায়ের কর্মকর্তা অংশগ্রহণ;

- ২৩ জুলাই ২০১৮ তারিখে কর্তৃপক্ষে Public Service Day পালিত হয় এবং এ উপলক্ষে কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরীর সভাপতিত্বে কর্তৃপক্ষের Conference Room-এ একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্তৃপক্ষের নাগরিক সেবাগুলি আরও সহজলভ্য করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়;
- ৩১ জুলাই ২০১৮ তারিখে সাভারস্থ Center for Research Reactor (CRR)-এর বিজ্ঞানী/প্রকৌশলীদের নতুন Reactor Operator (RO) এবং Senior Reactor Operator (SRO) লাইসেন্স প্রদানের লক্ষ্যে কর্তৃপক্ষের একজন সদস্য মহোদয়ের নেতৃত্বে ৬ (ছয়) সদস্যের একটি দল সাভার Research Reactor Facility-তে ৭ (সাত) জন বিজ্ঞানী/প্রকৌশলীর Research Reactor Console Test Viva এবং Walk down বিষয়ে পরীক্ষা গ্রহণ করেন;
- গত ৮ আগস্ট ২০১৮ তারিখে "Joint Meeting between BAERA, BAEC and JSC "VO Safety" on ongoing activities of Rooppur Nuclear Power Plant "শিরোনামে একটি ত্রি-পক্ষীয় সভা কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরীর সভাপতিত্বে কর্তৃপক্ষের Conference room-এ অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং-এ HRD Program of RNPP, Insurance Policy for RNPP Construction workers, River Protection Measures at RNPP Site, Core Catcher Installation Process ইত্যাদি বিষয়ে বিশদ আলোচনা হয়।
- গত ১৪ আগস্ট ২০১৮ তারিখে "Bilateral meeting between BAERA and JSC "VO Safety" on incoming inspection of Core Catcher of the RNPP Unit-1 and other issues" শিরোনামে একটি দ্বি-পাক্ষিক সভা কর্তৃপক্ষের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরীর সভাপতিত্বে কর্তৃপক্ষের Conference room-এ অনুষ্ঠিত হয়। উক্ত Bilateral meeting-এ Inspection of Core Catcher of the RNPP Unit-1, Approval process of Core Catcher installation ইত্যাদি বিষয়ে বিশদ আলোচনা হয়।
- গত ১৫-১৮ আগস্ট ২০১৮ তারিখে কর্তৃপক্ষ এবং JSC "VO Safety"-এর একটি যৌথ প্রতিনিধি দল রূপপুর সাইটে একটি Joint inspection কার্যক্রম পরিচালনা করেন। পরিদর্শনের মূল লক্ষ্য ছিল Reactor Building Unit-1 (10UJA)-এর নির্মাণ সংশ্লিষ্ট কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা এবং Core Catcher (JKM10) Instalation- এর কর্মকান্ড পরিদর্শন/পর্যবেক্ষণ।
- ৭ এবং ১০ অক্টোবর ২০১৮ তারিখে BAERA এবং JSC VO "Safety" -এর মধ্যে কর্তৃপক্ষের কনফারেন্স রুমে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে একটি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Siting, Design and Construction License related Safety এবং Security ইস্যুগুলো আলোচিত হয়। এ ছাড়াও Rooppur NPP Unit-1-এর PSAR-এর Review Result, Site Protection Status, Inspection Schedule ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।
- ৮-৯ অক্টোবর ২০১৮ তারিখে BAERA, BAEC, NPCBL, JSC ASE and JSC VO "Safety" এর মধ্যে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে একটি যৌথ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় Safety and Security Issues Related to Siting, Design and Construction License of RNPP Unit-1, Site Inspection Report, Report on Core Catcher Assembling ইত্যাদি বিষয়ে বিশদ আলোচনা হয়।
- ০১ নভেম্বর ২০১৮ তারিখে BAEC-এর সাভারস্থ Center for Research Reactor (CRR) -এর ৩ (তিন) জন বিজ্ঞানী/প্রকৌশলীকে Senior Reactor Operator (SRO) লাইসেন্স এবং ৪ (চার) জন বিজ্ঞানী/প্রকৌশলীকে Reactor Operator (RO) লাইসেন্স প্রদান করা হয়।

- ৮ নভেম্বর ২০১৮ তারিখে "Use of APAMS Software"-এর উপর একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়সহ সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন।
- ১৯ নভেম্বর ২০১৮ তারিখে "A Bilateral meeting between BAERA and Spanish Nuclear Safety Council (CSN) on exchanging experience and prospective future cooperation" শিরোনামে একটি দ্বি-পক্ষীয় সভা কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় Spanish Nuclear Council-এর Chairman এবং Head of International Regulatory Body অংশগ্রহণ করেন।
- ২০ নভেম্বর ২০১৮ তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সরেজমিনে পরিদর্শনের জন্য কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে Spanish Nuclear Safety Council (CSN)-এর চেয়ারম্যানসহ ২ (দুই) জন উচ্চ পর্যায়ের প্রতিনিধি এবং নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ১৪ (চৌদ্দ) জন প্রতিনিধিসহ সর্বমোট ১৬ (ষোল) সদস্যের একটি প্রতিনিধি দল রূপপুর সাইট পরিদর্শন করেন।
- ২৫ নভেম্বর ২০১৮ তারিখে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে "Nuclear Security and Physical Protection" বিষয়ক শিরোনামে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে কর্তৃপক্ষের ১ (এক) জন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা Presentation উপস্থাপন করেন। উক্ত সেমিনারে মন্ত্রণালয়ের প্রতিনিধি, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের প্রতিনিধি, পারমাণবিক নিরাপত্তা ও ভৌত সুরক্ষা ব্যবস্থা সেল-এর প্রতিনিধিসহ কর্তৃপক্ষের সদস্য মহোদয়গণ এবং পারমাণবিক নিরাপত্তা ও সুরক্ষা বিভাগের সকল বিজ্ঞানী/প্রকৌশলী উপস্থিত ছিলেন।
- A Joint Meeting between BAERA, BAEC and JSC "VO Safety" on ongoing activities of Rooppur Nuclear Power Plant" সংক্রান্ত মিটিং গত ১২-১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং-এ Findings of "VO Safety" Site Inspectors, Findings of BAERA Junior Consultants, Recording of site implementation activities, current status of License Validity Condition (LVC) fulfillment, permission for BAEC for construction on 10 UJA এবং extension of BAERA-JSC "VO safety" work Plan for next 3 years ইত্যাদি বিষয়ে বিশদ আলোচনা হয়।
- কর্তৃপক্ষের ২ জন সদস্য এবং একজন প্রধান প্রকৌশলীর সমন্বয়ে ০৩ সদস্যের একটি টিম গত ১২-১৪ জানুয়ারি, ২০১৯ইং তারিখ পর্যন্ত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের নিরাপত্তা নিশ্চিত করার ব্যাপারে নিয়ন্ত্রণমূলক পরিদর্শন করেন।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিয়ন্ত্রণমূলক কার্যক্রমের অংশ হিসেবে গত ১১/০১/২০১৯ইং তারিখে রাশিয়ান ফেডারেশনের JSC "VO" Safety"- এর ৬ (ছয়) সদস্যের একটি-বিশেষজ্ঞ টিম রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের চলমান কার্যক্রম পরিদর্শনের জন্য সাইটে গমন করেন। উক্ত বিশেষজ্ঞ টিম ১১/০১/২০১৯ থেকে ০৮/০২/২০১৯ ইং তারিখ পর্যন্ত প্রকল্প সাইটে অবস্থান করে নিয়ন্ত্রণমূলক পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেন।
- ২৫-২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে IAEA-এর TC Project BGD 2015-এর আওতায় IAEA এবং BAERA-এর যৌথ উদ্যোগে "Nuclear Power Plant Construction Oversight by the Bangladesh Atomic Energy Regulatory Authority" শীর্ষক Workshop অনুষ্ঠিত হয়। উক্ত Workshop-এর IAEA-এর ০৩ (তিন) জন Expert উপস্থিত ছিলেন (ছবি সংযুক্ত)।

- ০৩-১৩ মার্চ, ২০১৯ তারিখে IAEA এর Integrated Regulatory Review Service (IRRS) Mission এর প্রস্তুতি হিসাবে JSC "VO "Safety" এর বিশেষজ্ঞদের সাথে Self-Assessment of Regulatory Infrastructure for Safety (SARIS) বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্তৃপক্ষের সকল স্তরের বিজ্ঞানী এবং প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।
- গত ৩ এপ্রিল, ২০১৯ তারিখে কর্তৃপক্ষের অধিরিটি ভবনে Regulatory Cooperation Forum (RCF) এর চেয়ারম্যানসহ চার সদস্যের একটি High level delegates এর সাথে কর্তৃপক্ষের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় Regulatory Cooperation সংক্রান্ত বিশদ আলোচনা হয় (ছবি সংযুক্ত)।
- ৭-১১ এপ্রিল, ২০১৯ তারিখে রাশিয়ান ফেডারেশন ও বেলারুশের চার (০৪) জন বিশেষজ্ঞের সাথে কর্তৃপক্ষের কর্মকর্তাবৃন্দের IAEA-এর Integrated Regulatory Review Service (IRRS) মিশনের প্রস্তুতি বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় Self-Assessment of Regulatory Infrastructure for Safety (SARIS)-এর বিভিন্ন Module এর উপর Documents প্রস্তুতির বিষয়ে বিশদ আলোচনা হয়।
- ১৬ এপ্রিল, ২০১৯ তারিখে অধিরিটি ভবনে "A Joint Meeting between BAERA, BAEC, JSC "VO "Safety" and JSC ASE on ongoing activities of Rooppur Nuclear Power Plant (RNPP) "শিরোনামে একটি যৌথ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রূপপুর এর Construction of 10UJA Reactor Building of RNPP Unit-1 এর Inspection Activities বিষয়ে বিশদ আলোচনা হয়।
- ২৪-২৬ এপ্রিল, ২০১৯ তারিখে কর্তৃপক্ষের সদস্য (পানিসু) মহোদয়ের নেতৃত্বে দুই সদস্যের একটি টিম RNPP construction activities oversee করার লক্ষ্যে একটি Inspection কার্যক্রম পরিচালনা করেন।
- ২৯ এপ্রিল-৩ মে, ২০১৯ তারিখে কর্তৃপক্ষের সদস্য (পুভৌঅনি) মহোদয়ের নেতৃত্বে তিন সদস্যের একটি টিম RNPP এর 10 UJA এর Concrete Strength Test Programme Oversee করার জন্য RNPP সাইটে Inspection কার্যক্রম পরিচালনা করেন।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ৬ (ছয়) জন জুনিয়র কনসালটেন্ট রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প এলাকায় RNPP কনস্ট্রাকশন কার্যক্রম oversee করার লক্ষ্যে প্রতিনিয়ত Regulatory Inspection কার্যক্রম অব্যাহত রেখেছেন।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Construction কার্যক্রমের অংশ হিসাবে 10 UJA এবং 20 UJA -এর বিভিন্ন সমূহের zero level এবং above zero level -এর Structural Safety & Integrity relevant to Nuclear Safety বিষয়ক Review and Assessment কার্যক্রম JSC "VO "Safety"-এর সহায়তায় চলমান রয়েছে।
- ৭ - ৮ মে ২০১৯ তারিখে বাংলাদেশে IAEA-এর Integrated Regulatory Review Service (IRRS) এর Preparatory Meeting কর্তৃপক্ষের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত Meeting-এ দুইজন IAEA Expert এবং একজন External Expert (UK) উপস্থিত ছিলেন। এ ছাড়া, একজন External Expert (U.S.NRC) Video Conferencing-এর মাধ্যমে Meeting-এ অংশগ্রহণ করেন। Meeting-এ কর্তৃপক্ষের IRRS বিষয় সংশ্লিষ্ট সকল কর্মকর্তা অংশগ্রহণ করেন (ছবি সংযুক্ত)।

- ০৬-১০ মে, ২০১৯ তারিখে কর্তৃপক্ষের সদস্য ( পুভৌঅনি) মহোদয়ের নেতৃত্বে দুই সদস্যের একটি টিম এবং কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত রূপপুরে অবস্থানরত দুই জন জুনিয়র কনসালটেন্ট BAEC, JSC, ASE এবং AEP কর্তৃক আয়োজিত RNPP এর Unit-1 এর B-60 Concrete Strength Test Programe Oversee করার জন্য RNPP সাইটে Inspection কার্যক্রম পরিচালনা করেন।
- ২২ মে ২০১৯ তারিখে RNPP এর Construction সম্পর্কিত কর্তৃপক্ষের কার্যক্রম নিয়ে BAERA, ROSTECHNADZOR এবং JSC ASE-এর মধ্যে যৌথ সভা অনুষ্ঠিত হয়।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Unit-1-এর B60 concrete strength-এর Review কার্যক্রম VO "Safety" কর্তৃক চলমান রয়েছে।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Unit-1-এর Core Catcher-এর Wall-এর Reinforcement কার্যক্রম-এর উপর কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ৬ (ছয়) জন জুনিয়র কনসালটেন্ট-এর Inspection কার্যক্রম চলমান রয়েছে।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Unit-2-এর Core Catcher এর Installation কার্যক্রমের উপর কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ৬ (ছয়) জন জুনিয়র কনসালটেন্ট-এর Inspection কার্যক্রম চলমান রয়েছে।
- ১৬ জুন ২০১৯ তারিখে মন্ত্রণালয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Cyber Security System (CSS) ও Physical Protection System (PPS)-এর উপর একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় এবং Cyber Security System (CSS) ও Physical Protection System (PPS)-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
- ২০-৩০ জুন ২০১৯ তারিখে JSC VO "Safety" -এর দুইজন বিশেষজ্ঞ Mr. Churbanov and Mr. Byakov রূপপুর সাইটে Construction কর্মকান্ড Oversee এবং Safety related inspection কার্যক্রম পরিচালনা করেন।
- Site Licence এবং Design and Construction Licence-এর প্রদত্ত শর্ত সাপেক্ষের উপর Dificiency Elimination Progam কার্যক্রম চলমান রয়েছে।
- ২৩-২৪ এপ্রিল ২০১৯ তারিখে "জনসাধারণ ও পরিবেশের নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় আয়োজিত Radiation Protection for Diagonistic Radiology Practices in Bangladesh বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত (ছবি সংযুক্ত)।
- ৭ মার্চ ২০১৯ তারিখে গণশুনানী অনুষ্ঠিত (ছবি সংযুক্ত)।
- ১২-১৩ জুন ২০১৯ তারিখে নাগরিক সেবায় উত্তাবন বিষয়ক দুইদিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত (ছবি সংযুক্ত)।
- BAERA এর Website-এ তথ্য সমৃদ্ধকরণ। এবং
- কর্তৃপক্ষের ভবন সম্প্রসারণের জন্য কার্যাদেশের আলোকে ভবন সম্প্রসারণের কার্যক্রম চলমান রয়েছে।



গত এক বছরে (২০১৮-১৯ অর্থ বছর) লাইসেন্স, পারমিট ও এনওসি প্রদান

- নিউক্লীয় স্থাপনার লাইসেন্স প্রদান: ১ টি
- নিউক্লীয় স্থাপনার নিয়ন্ত্রণমূলক পরিদর্শন: ২০ টি
- এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকাণ্ডের নতুন লাইসেন্স: ৫১৭ টি
- নবায়নকৃত লাইসেন্স: ১৬১৪ টি
- আমদানি/ রপ্তানী পারমিট: ৩৬৭ টি
- এনওসি প্রদান: ৪৩ টি
- আরসিও (RCO)নতুন সনদ: ৩৭১ টি
- আরসিও (RCO)নবায়ন সনদ প্রদান: ৫৫১ টি
- এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকাণ্ডের পরিদর্শন: ৩৬৩ টি



গত এক বছরে (২০১৮-১৯ অর্থ বছর) ফ্যাসিলিটি অপারেটরদের জন্য বিকিরণ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্স/কর্মশালার আয়োজন

- প্রশিক্ষণ কোর্সের সংখ্যাঃ ১৩ টি
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যাঃ ৪৩৬ জন
- বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের মূল সনদ দেয়ার লক্ষ্যে মোট পরীক্ষার সংখ্যাঃ ২২ টি
- পরীক্ষায় পরীক্ষার্থীর অংশগ্রহণের সংখ্যাঃ ২৯৩ জন
- পরীক্ষায় উত্তীর্ণপরীক্ষার্থীকে মূল সনদ প্রদানঃ ২৪০ জন

জনসচেতনতা বৃদ্ধি

বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষার উপায় সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়ঃ  
বিকিরণ উৎস ব্যবহারকারীর মধ্যে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে বিভিন্ন তথ্য এবং পরামর্শ প্রদান;

- বিকিরণ সুরক্ষা বিষয়ে পোস্টার, লিফলেট ও ব্রশিউর বিতরণ;এবং
- বিকিরণ নিরাপত্তা বিষয়ে ইলেক্ট্রনিক, প্রিন্ট মিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ।

কর্তৃপক্ষের ডিজিটালাইজেশন সংক্রান্ত তথ্য

- ই-ফাইলিং এবং ই-টেন্ডারিং সিস্টেম চালু করা হয়েছে;
- অভিযোগ ও পরামর্শ সংক্রান্ত সেবা অনলাইন ভিত্তিক চালু করা হয়েছে।

বাজেট সংক্রান্ত তথ্য

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের রাজস্ব বাজেট সমূহ						
অর্থবছর	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯
বাজেট (হাজার টাকায়)	২,৪১,৫০	৩,০০,০০	২,১৫,০০	২,২৫,০০	২,৪০,০০	২,৫২,০০

\* বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে।

আয় সংক্রান্ত তথ্য

গত এক বছরে (২০১৮-১৯ অর্থ বছরে) কর্তৃপক্ষের সেবাদান খাত হতে অর্জন ১১,২৯,৫৩,৮২৩/- (এগারো কোটি উনত্রিশ লক্ষ ত্রিশদুই হাজার আটশত তেইশ) টাকা মাত্র।

চলমান উন্নয়ন প্রকল্পঃ

- (১) “জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ” প্রকল্প। প্রকল্পটির মেয়াদকাল জুলাই ২০১৭-জুন ২০২০;

ভবিষ্যৎ উন্নয়ন প্রকল্প সমূহের তালিকা

- (১) “Development of Nuclear Regulatory Infrastructure for Bangladesh Atomic Energy Regulatory Authority for the year of 2018-2026” শীর্ষক ADP Project প্রণয়ন;

- (২) “Development of a Structured Licensing Program with Methodologies and Tools for Effective Regulatory Oversight of the First-NPP in Bangladesh during the Construction Phase (III). IAEA TC Project for 2018-2019 Cycle”.

২০১৩-২০১৮ পর্যন্ত সময়ে বাপশনিক এর উল্লেখযোগ্য অর্জনঃ

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সফল বাস্তবায়নে কর্তৃপক্ষের কার্যক্রমঃ

- ❖ ২১ জুন ২০১৬ তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Conditional Siting License প্রদান;
- ❖ ২ নভেম্বর ২০১৭ তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-১ এর Design and Construction Licence প্রদান;
- ❖ ০৮ জুলাই ২০১৮ তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-২ এর Design and Construction Licence প্রদান;
- ❖ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের (RNPP) সর্বোত্তম নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে Feasibility Study (FS) Report, Engineering Survey Report, Environmental Impact Assessment (EIA) Report মূল্যায়ন;
- ❖ কর্তৃপক্ষ এবং রাশিয়ান ফেডারেশনের নিউক্লিয়ার রেগুলেটরী অথরিটি Rostechnadzor-এর TSO VO “Safety” এর মধ্যে Nuclear Regulatory Infrastructure Strengthening এবং RNPP-এর Siting, Design and Construction License সমূহ Review and Assessment-এর লক্ষ্যে একটি General Framework Contract (GFC) স্বাক্ষর;
- ❖ RNPP Site-এর নিউক্লীয় নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে মূলত VO “Safety” Experts এবং কর্তৃপক্ষের বিজ্ঞানী/প্রকৌশলী, দেশীয় সনামধন্য বিশেষজ্ঞ ও Indian Experts-দের সমন্বয়ে RNPP- এর Soil Stabilization এর Deep Soil Mixing (DSM) Method মূল্যায়ন;
- ❖ RNPP Site-এর নিউক্লীয় নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে কর্তৃপক্ষের বিজ্ঞানী/প্রকৌশলী, Indian Experts এবং VO “Safety” Experts সমন্বয়ে RNPP-এর Soil Stabilization Report মূল্যায়ন;
- ❖ RNPP Site-এর নিউক্লীয় নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে কর্তৃপক্ষের বিজ্ঞানী/প্রকৌশলী, দেশীয় সনামধন্য বিশেষজ্ঞ, Indian Experts এবং VO “Safety” Experts সমন্বয়ে RNPP-এর Soil Stabilization, Site Protection Dam, Quality Assurance (QA) ইত্যাদি বিষয়ে Regulatory Inspection;
- ❖ RNPP-এর Design and Construction License প্রদানের লক্ষ্যে VO “Safety”-এর বিশেষজ্ঞদের সাথে Preliminary Safety Analysis Report (PSAR) মূল্যায়নের লক্ষ্যে আলোচনা;
- ❖ RNPP-এর Design and Construction License প্রদানের লক্ষ্যে BAEC, Atomstroy export এবং VO “Safety”-এর বিশেষজ্ঞদের সাথে যৌথ সভা;
- ❖ RNPP-এর Siting থেকে Decommissioning পর্যন্ত বিভিন্ন পর্যায়ে Regulatory Documents মূল্যায়ন, Regulatory Supervision সহ সকল নিউক্লীয় নিরাপত্তা ও সুরক্ষা বিষয়ে দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে রাশান ফেডারেশনের MEPHI University-এর সাথে HRD বিষয়ে আলোচনা;



- ❖ RNPP-এর Probabilistic Safety Analysis এর লক্ষ্যে “BAERA Workshop 2: Fundamentals of PSA, Evaluation of Engineering Aspects, Regulatory Review” শীর্ষক শিরোনামে একটি National Workshop এর আয়োজন;
- ❖ RNPP-এর Deterministic Safety Analysis এর লক্ষ্যে "BAERA Workshop 1: Fundamentals of Safety Assessment and DSA" শীর্ষক শিরোনামে একটি National Workshop আয়োজন;
- ❖ রূপপুর NPP Siting Licence সংক্রান্ত Environmental Impact Assessment (EIA) Report মূল্যায়নের লক্ষ্যে পারস্পরিক কর্ম পরিধি নির্ধারণ ও সমন্বয় সাধনের জন্য কর্তৃপক্ষ ও পরিবেশ অধিদপ্তর (DoE) এর কর্মকর্তাদের সাথে যৌথ সভার আয়োজন;
- ❖ BAERA এবং IAEA এর যৌথ উদ্যোগে “Awareness Mission and National Workshop on the Legal Framework for Nuclear Safety, Nuclear Security and Nuclear Liability” শীর্ষক একটি National Workshop এর আয়োজন;
- ❖ International Atomic Energy Agency (IAEA)-এর Integrated Nuclear Infrastructure Review (INIR) Mission এর প্রতিনিধি দলের সাথে কর্তৃপক্ষের Integrated Nuclear Infrastructure Review সংক্রান্ত বিষয়ে মতবিনিময়।

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (কর্তৃপক্ষ) ১২ ফেব্রুয়ারী ২০১৩ সালে প্রতিষ্ঠিত হয়েছে। উক্ত তারিখ হতে জুন ২০১৮ পর্যন্ত কর্তৃপক্ষের অর্জন নিম্নরূপ :

• রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের স্থান নির্ধারণ লাইসেন্স প্রদান (সংখ্যা)	: ০২
• অন্যান্য নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসমূহ পরিচালনার ক্ষেত্রে নতুন লাইসেন্স প্রদান (সংখ্যা)	: ১৭৭২
• নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসমূহ পরিচালনার লক্ষ্যে নবায়নকৃত লাইসেন্স প্রদান (সংখ্যা)	: ৫৮৮৩
• নিউক্লীয় ও তেজস্ক্রিয় পদার্থ/যন্ত্রপাতি আমদানী ও রপ্তানীর লক্ষ্যে প্রদত্ত পারমিট ও এনওসি (সংখ্যা)	: ১৬৭০
• বিকিরণ সুরক্ষা বিষয়ে বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের নতুন আরসিও সনদ প্রদান (সংখ্যা)	: ১১৭১
• বিকিরণ সুরক্ষা বিষয়ে বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের নবায়নকৃত আরসিও সনদ প্রদান (সংখ্যা)	: ১৪০০
• নিউক্লীয় ও বিকিরণ স্থাপনা সমূহের নিয়ন্ত্রণমূলক পরিদর্শন (সংখ্যা)	: ১৫৮৪
• IAEA/ROSTECHNADZOR/RCA/FNCA/ANSN/AERB-এর আয়োজনে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/সভায় অংশগ্রহণকারী কর্মকর্তা (সংখ্যা)	: ২৫৬
• নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষা বিষয়ক আয়োজিত সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ (সংখ্যা)	: ৭০
• নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষা বিষয়ে প্রশিক্ষিত জনবল (সংখ্যা)	: ২৭২১
• সেবাদানখাত থেকে অর্জিত আয় (টাকা)	: ৩৯,০৮,৭৪,৮২৪/-

### ২০২১ সালে মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার সুবর্ণজয়ন্তী পালন উপলক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা

- ৩০.০৬.২০১৯ সালের মধ্যে আয়নাযুক্তকারী বিকিরণ উৎস/যন্ত্রপাতি প্রভৃতি ব্যবহারকারী ও সংশ্লিষ্টদের মধ্যে জনসচেতনতা ও প্রেরণা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ/সভা/সেমিনার আয়োজন করা;
- ৩০.০৬.২০২০ সালের মধ্যে দেশব্যাপী জরিপ কার্যক্রমের মাধ্যমে অনিবন্ধিত তেজস্ক্রিয় পদার্থ ও বিকিরণ স্থাপনার অনুসন্ধান এবং রেগুলেটরী ইনভেন্টরি হালনাগাদ করণ;



- ৩০.০৬.২০২১ সালের মধ্যে ডায়াগনস্টিক এক্সরে, ইন্ডাস্ট্রিয়াল প্রাক্টিস ও বিভিন্ন ধরনের বিকিরণ বিষয়ক মোট ৫২টি প্রশিক্ষণের আয়োজন করে ১৫৬০ জন প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রাপ্তির পরিকল্পনার লক্ষ্যে একটি HRD প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;
- ৩০.০৬.২০২১ সালের মধ্যে “জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন।

### ২০৩০ সালে SDG অর্জনের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনাঃ

- ৩০.০৬.২০২৬ সালের মধ্যে আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও অন্যান্য মাধ্যম হতে প্রাপ্ত বই, জার্নাল এবং রিপোর্ট ইত্যাদি সুরক্ষা এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;
- ৩০.০৬.২০২৭ সালের মধ্যে কর্তৃপক্ষের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিষয়ক সকল নথি ও তথ্য নিবন্ধীকরণের পদক্ষেপ গ্রহণ;
- ৩০.০৬.২০২৮ সালের এর মধ্যে বিকিরণকর্মীদের ব্যক্তি পরিবীক্ষণ ব্যাজের বিকিরণ মাত্রা পর্যবেক্ষণ ও পরিমাপের জন্য ল্যাব স্থাপন;
- ৩০.০৬.২০২৮ সালের মধ্যে Environmental radiation Monitoring এর জন্য গবেষণাগার স্থাপনের লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন;
- ৩০.০৬.২০২৯ সালের এর মধ্যে পরমাণু চিকিৎসা ক্ষেত্রে ব্যবহৃত মেশিনসমূহের মাননিশ্চিতকরণ ও বিকিরণকর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে পরীক্ষাগার ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন;
- ৩০.০৬.২০২৯ সালের মধ্যে সকল ক্যাটাগরির বিকিরণ স্থাপনার মধ্য হতে আদর্শ প্রতিষ্ঠান হিসাবে Center of Excellence (CoE) নির্ণয় করণয়ার মাধ্যমে অপর্যাপ্ত বিকিরণ স্থাপনার ভেত অবকাঠামো উন্নয়ন করা যায়;
- ৩০.০৬.২০৩০ সালের মধ্যে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে নিজস্ব জনবল তৈরীর মাধ্যমে দেশকে স্বাবলম্বী করার লক্ষ্যে “National Institute of Nuclear Safety, Security and Safeguards” শীর্ষক একটি প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;
- ৩০.০৬.২০৩০ সালের মধ্যে শিল্প কারখানা ও পরমাণু চিকিৎসালয়ে বিকিরণ সংশ্লিষ্ট কার্যক্রম অনলাইন মনিটরিং সিস্টেমের আওতায় আনয়ন;
- ৩০.০৬.২০৩০ সালের মধ্যে ডায়াগনস্টিক এক্সরে, ইন্ডাস্ট্রিয়াল প্রাক্টিস ও বিভিন্ন ধরনের বিকিরণ বিষয়ক জানুয়ারি ২০২২ইং থেকে ডিসেম্বর ২০৩০ইং পর্যন্ত মোট ১০৮টি প্রশিক্ষণের আয়োজন করে ৩২৪০ জন প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদানের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

### ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ দেশ গঠনে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনাঃ

- ৩০.০৬.২০৩৮ সালের মধ্যে সকল শ্রেণির আয়নাযনকারী বিকিরণ উৎস/যন্ত্রপাতি প্রভৃতি ব্যবহারকারী ও সংশ্লিষ্টদের মধ্যে বিকিরণ সুরক্ষা বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম অনলাইনে দ্রুততম সময়ে সম্পাদন;

- ৩০.০৬.২০৩৯ সালের মধ্যে সকল শ্রেণির বিকিরণ সুরক্ষা বিষয়ক রেগুলেটরী সেবার (লাইসেন্স, পারমিট পরামর্শ) কার্যক্রম অনলাইনে দ্রুততম সময়ে সম্পাদন;
- ৩০.০৬.২০৪০ সালের মধ্যে দেশের ছয়টি বিভাগীয় শহরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ছয়টি আঞ্চলিক অফিস স্থাপন;
- ৩০.০৬.২০৪১ সালের মধ্যে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রসহ সকল নিউক্লীয় ও বিকিরণ স্থাপনার নিউক্লীয় এবং অন্যান্য তেজস্ক্রিয় পদার্থের সঠিক ব্যবহার নিশ্চিতকরা, Fresh Fuel, Spent Fuel and Radioactive Waste এর নিরাপদ পরিবহন মনিটরিং এবং বর্ণিত পদার্থের অবৈধ পাচার রোধে পর্যায়ক্রমে দেশের তিনটি স্থানে কর্তৃপক্ষের নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিষয়ক মনিটরিং অফিস স্থাপন সংক্রান্ত প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:


- ▶ নিউক্লীয় রেগুলেটরী অবকাঠামো শক্তিশালীকরণ
  - (ক) জনবল নিয়োগ;
  - (খ) পরমাণু শক্তি কমিশন হতে কর্তৃপক্ষে কর্মরত বিভিন্ন পর্যায়ের বিজ্ঞানী/প্রকৌশলীদের কর্তৃপক্ষে আত্মীকরণ;
  - (গ) কর্মকর্তা কর্মচারীদের যাতায়াত ও বাসস্থানের সুব্যবস্থা;
  - (ঘ) Radiation Safety, Transport & waste Safety, নিউক্লিয়ার সেফটি, নিউক্লিয়ার সিকিউরিটি ও নিউক্লিয়ার সেফগার্ডসসহ বাপশনি আইনের ধারা-৬৯ অনুযায়ী অন্যান্য প্রবিধানমালা প্রণয়ন;
- ▶ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন পর্যায়ের লাইসেন্স (Installation, Commissioning and Operation License) প্রদান; এবং
- ▶ সকল প্রকার বিকিরণ ঝুঁকি মোকাবেলায় জনগণকে সম্পৃক্ত করণ।

### উপসংহার


পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর যথাযোগ্য প্রতিপালন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রূপকল্প ২০২১ এর বাস্তবায়ন কর্তৃপক্ষের মূল উদ্দেশ্য।



প্রতিবেদনামীন অর্থবছরে কর্তৃপক্ষের উল্লেখযোগ্য কর্মকাণ্ডের চিত্র




**IAEA Workshop on Nuclear Power Plant Construction Oversight By The Bangladesh Atomic Energy Regulatory Authority; 25-28 February 2019, Organized by BAERA & IAEA**




**Regulatory Cooperation Forum Meeting (RCF) with BAERA, 3 April 2019, Organized by BAERA & RCF**



কর্তৃপক্ষে আয়োজিত গণশুনানী অনষ্ঠান, ৭ মার্চ ২০১৯, কর্তৃপক্ষ ভবন, ঢাকা



নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক দুইদিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স, ১২-১৩ জুন ২০১৯, কর্তৃপক্ষ ভবন, ঢাকা



IRRS Preparatory Meeting with BAERA, 7-8 May 2019, Organized by BAERA & IAEA, Authority Bhaban, Dhaka



“জনসাধারণ ও পরিবেশের পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অবকাঠামো শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় আয়োজিত Radiation Protection for Diagnostic Radiology Practices in Bangladesh বিষয়ক প্রশিক্ষণ কোর্স, ২৩-২৪ এপ্রিল ২০১৯, অথরিটি ভবন, ঢাকা